দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

23

তারিখ ... 04 JUL 1988 ...
পৃষ্ঠা ... 1 কলাম 4 ...

(২৯)

# ইসলামী ভার্সিটি বাসে হামলা ঃ শিক্ষকসহ কয়েকজন আহত

গত রোববার টঙ্গীতে একদল সশস্ত্র লোক ইসলামী বিশ্ববিদ্যালয়ের একটি স্টাফ বাস জোরপূর্বক থামিয়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের ওপর হামলা চালায়। এতে একজন শিক্ষকসহ বেশ কয়েকজন আহত হন।

ইসলামী বিশ্ববিদ্যালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়ঃ

(৩-এর পৃঃ দ্রঃ)

## ইসলামী ভার্সিটি

(১-এর পৃঃ পর)

হামলাকারীরা বাসটির ব্যাপক ক্ষতি করে। টঙ্গীস্থ এরশাদ নগরের কাছে ছোরা, হকি স্টিক, লাঠি সোটাসহ ১০/১৫ জন লোক বাসটি থামিয়ে তাতে উঠে পড়ে। তারা বিশেষ কয়েকজন কর্মকর্তার নাম ধরে খোঁজাখুঁজি করে।

দুর্বৃত্তরা নিজেদের গাজীপুরের বাশিন্দা বলে পরিচয় দেয় এবং বিশ্ববিদ্যালয়ের চলতি শিক্ষা বর্ষে তাদের ভর্তি করার দাবী জানায়।

তারা বাসে উঠে চিৎকার করে ইসলামী বিশ্ববিদ্যালয় গাজীপুর থেকে কুষ্টিয়ার শান্তিডাঙ্গা দুলালপুরে স্থানান্তরেরও প্রতিবাদ জানায়। এ ব্যাপারে টঙ্গী থানায় মামলা করা হয়েছে। গতকাল পর্যন্ত কেউ গ্রেফতার হয়নি।